

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 22-02-2025

Time: 7-35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) বিভিন্ন সরকারী প্রকল্পে সময় মতো যাতে ঝণ পাওয়া যায়, সেজন্য রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছে। চলতি আর্থিক বছরে এসংক্রান্ত যেসব আবেদনপত্র বকেয়া, সেগুলিতে ১৫-ই মার্চের মধ্যে ঝণ দানের ব্যবস্থা করার নির্দেশ।
- ২) রাজস্ব সংগ্রহ বাড়ানো ও বে-আইনী ইটভাটায় লাগাম টানতে রাজ্য সরকার এবার সমস্ত ইটভাটা কেন্দ্রীয়ভাবে নথিভৃত্ত করার সিদ্ধান্ত নিয়েছে।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।
- ৪) বীরভূমের মহম্মদ বাজারে ঘর থেকে একটি আদিবাসী পরিবারের তিন সদস্যের রক্তাক্ত দেহ উদ্বারের ঘটনায় ১২ ঘণ্টার মধ্যে পুলিশ ২ জনকে গ্রেফতার করেছে।
সরিয়ে দেওয়া হয়েছে মহম্মদবাজার থানার ওসি-কে।
- ৫) পুরুলিয়ার বান্দোয়ানে আবার বাঘের পায়ের ছাপ মেলায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে।
- ৬) আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন সরকারি প্রকল্পে যাতে সময় মত খণ্ড পাওয়া যায় সেজন্য বিশেষ উদ্যোগী নিয়েছে রাজ্য সরকার। কিষান ক্রেডিট, ভবিষ্যৎ ক্রেডিট, স্টুডেন্ট ক্রেডিট কার্ড সহ রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে ব্যাংক থেকে খন পাওয়া যায়। অনেক ক্ষেত্রে যথাসময়ে খণ্ড পাওয়া যায় না। তাই সরকারি প্রকল্পের উদ্দেশ্য ব্যর্থ হয়। ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে গতকাল এই নিয়ে বৈঠক বসে মুখ্য সচিব মনোজ পন্থ।

নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্য সচিব ব্যাংকগুলিকে জানিয়ে দিয়েছেন চলতি অর্থ বর্ষে যে সমস্ত আবেদনপত্র পড়ে রয়েছে সেগুলি খতিয়ে দেখে ১৫ মার্চের মধ্যে খণ্ড দেওয়ার ব্যবস্থা করে দিতে হবে। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের ক্ষেত্রে দ্রুততার সঙ্গে আবেদন পত্র যাচাই করে খণ্ড দেবার ব্যবস্থা করতে হবে। কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে ঠিক সময় খণ্ড না পাওয়ায় অনেকেই উচ্চশিক্ষা লাভের স্বপ্ন পূরণ হচ্ছে না। অনেক ক্ষেত্রে বেশি সুদ দিয়ে এডুকেশন লোন নিতে হচ্ছে। এই সমস্যা, সমাধানের জন্য ব্যাংক কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছেন মুখ্য সচিব।

তিনি ব্যাংকগুলিকে জানিয়েছেন যদি কোন আবেদনপত্রে সমস্যা থাকে তবে সেই সমস্যা সমাধানেও সরকার অগ্রণী ভূমিকা নেবে। আগামী ১৫ মার্চের মধ্যে কৃষি ক্ষেত্রে খণ্ড দেবার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে এক লক্ষ কোটি টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, বর্তমান আর্থিক বছরের শেষ লগ্নে বিভিন্ন সরকারি দফতরের অর্থ খরচের সময়সীমা বেঁধে দিয়েছে। মার্চ মাসের বেতন থেকে শুরু করে বিভিন্ন ভাতা, মজুরি, পেনশন আগামী ২ এপ্রিল মধ্যে দিয়ে দিতে হবে। রাজ্যের অর্থ দফতর এই মর্মে সব দফতরকে এক নির্দেশিকা পাঠিয়েছে।

শেষ মুহূর্তে বিল জমা দিয়ে যাতে সমস্যা তৈরি করা না হয় সে ব্যাপারেও স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। ২৮ মার্চের পর পে অ্যান্ড অ্যাকাউন্টস অফিসে বা ট্রেজারিতে কোনও বিল পাঠানো যাবে না। ১৩ মার্চের মধ্যে যে বিলগুলি ফেরত দেওয়া অথবা যেগুলি নিয়ে আপত্তি তোলা হবে, সেগুলি আবার নতুন ভাবে পাঠানোর শেষ

তারিখ ধার্য হয়েছে আগামী ১৭ মার্চ। অর্থ দফতরের সম্মতি না থাকলে কোনও অগ্রিমও নেওয়া যাবে না বলে স্পষ্ট জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন সমবায় ব্যাংকে দীর্ঘদিন লেনদেনের অভাবে বন্ধ হয়ে যাওয়া একাউন্টগুলিতে প্রায় ৫৮৩ কোটি টাকা সঞ্চিত রয়েছে বলে সমবায় দপ্তর সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে কৃষি সমবায় সমিতির বিভিন্ন আকাউন্টেই প্রায় সাড়ে চারশো কোটি টাকা রয়েছে। এগুলিতে নতুন করে KYC চাওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজস্ব সংগ্রহ বাড়ানো এবং বেআইনি ইটভাটায় লাগাম টানতে রাজ্য সরকার এবার সমস্ত ইটভাটাকে কেন্দ্রীয় ভাবে নথিভৃত করার সিদ্ধান্ত নিয়েছে। এজন্য একটি নির্দিষ্ট পোর্টাল তৈরি করা হচ্ছে। সমস্ত ইটভাটাকে ওই পোর্টালের মাধ্যমে বিস্তারিত বিবরণ সহ নাম নথিভৃত করাতে হবে বলে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। ইটভাটার আকার, আয়তন, শ্রমিকের সংখ্যা, তাদের ন্যূনতম বেতন, অন্যান্য সুযোগ-সুবিধা সমস্ত কিছুই নথিভৃত করণের সময় উল্লেখ করতে হবে। পাশাপাশি ইটভাটা চালানোর জন্য সরকার নির্ধারিত সুরক্ষা বিধিগুলি মেনে চলা হচ্ছে কিনা তাও দেখা হবে। এজন্য সংশ্লিষ্ট ব্লকে বি এল এল আর ও বা ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকদের সরঞ্জমিনে ইটভাটা গুলি পরিদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। তাদের দেওয়া এই তথ্যের উপর ভিত্তি করে রাজ্য সরকার প্রতিটি ইটভাটার জন্য রয়ালিটি নির্ধারণ করবে। নিয়মিত রয়ালিটি মেটানোর পরেই ইটভাটা গুলিকে অনুমোদন দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূম জেলার অন্তর্গত দেউচা - পাঁচামি - হরিণসিঙ্গা - দেওয়ানগঞ্জ কোল ব্লক এলাকায় রাজ্য সরকার প্রস্তাবিত কয়লা খনির কাজ বন্ধ ও কয়লা খনি প্রকল্পটি সম্পূর্ণ ভাবে বাতিলের দাবি জানিয়েছে দেউচা-পাঁচামি গ্রামসভা সমন্বয় হল কমিটি, প্রকৃতি বাঁচাও আদিবাসী বাঁচাও মন্ড সহ বিভিন্ন গণ সংগঠন। কলকাতা প্রেস ক্লাবে গতকাল সংগঠন গুলির পক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবী জানানো হয়।

আহ্বায়ক রাজেন টুড়ু ওই কয়লা খনির ব্যাপারে সরকারের দেওয়া বিভিন্ন যুক্তি ও তথ্য খন্ডন করে বলেন, খনির বর্জ্য ফেলা ও অন্যান্য আনুষঙ্গিক প্রয়োজনে সম্পূর্ণ এলাকার পরিমাণ দাঁড়াবে ১১ হাজার দুশো একর যার মধ্যে ৯ হাজার ১০০ একর বসত বাড়ি ও চাষ জমির মালিক সাঁওতাল আদিবাসী মানুষ। তাঁর দাবি, এই প্রকল্পের ফলে ৪২ থেকে ৫০ টি গ্রাম প্রভাবিত হবে, ও বাস্তবিক ভাবে উচ্চেদ হওয়া মানুষের পরিমাণ দাঁড়াবে প্রায় ৭০ হাজার। পাশাপাশি ও কয়লার খনির ফলে প্রতি বছর ১০০ মিলিয়ন টন কার্বন ডাই অক্সাইড বাতাসে মেশানো হবে বলে তাঁর দাবি। এলাকার বেশির ভাগ মানুষই খনির জন্য জমি দিতে রাজি নয়, এবং সরকার ঘোষিত ক্ষতিপূরণ, পুনর্বাসন প্যাকেজের পরিবর্তে জমি দিয়ে চাকরি ও টাকা নিতে রাজি নয়, এই প্রকল্প বন্ধিকার স্বীকার আইন কে অমান্য করেছে বলেও তাঁর অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

এই উপলক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে মূল অনুষ্ঠানটি হয় দক্ষিণ কলকাতার দেশপ্রিয় পার্কে। সদ্য প্রয়াত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে নীরবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।

বাংলা ভাষাকে আরো এগিয়ে নিয়ে যেতে অনুষ্ঠানে সকলের প্রতি আহ্বান জানান
মুখ্যমন্ত্রী।

এর আগে রাজ্য সচিবালয় নবান্নে ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান
শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

কলকাতার বিড়লা তারা মণ্ডলের বিপরীতে ভাষা শহীদ স্মারকেও পুষ্পার্ঘ নিবেদন
করে শ্রদ্ধা জানান রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র
ফিরহাদ হাকিম।

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

তবে, বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে প্রতি বছরের চেনা ছবি এবার ধরা
পড়েনি পেট্রাপোল সীমান্তে। অন্যদিকে, বাংলাদেশের বেনাপোলে আলাদাভাবে পালিত
হয় ভাষা দিবস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কবি জীবনানন্দ দাশের জন্মদিন ও ভাষা দিবস উদযাপন উপলক্ষে গত
বৃহস্পতিবার পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাডেমির উদ্যোগে এক আলোচনা সভার আয়োজন
করা হয়। “কবির বিষণ্ণতা বনাম অনুবাদকের বিষণ্ণতা- জীবনানন্দ ও ক্লিনটন বি
সিলি”শীর্ষক ঐ আলোচনা সভায় বক্তৃব্য রাখেন কবি সুবোধ সরকার। অনুষ্ঠানে মুখ্য
অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাহিত্যিক প্রচেত গুপ্ত।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিপিআইএম এর ২৭ তম রাজ্য সম্মেলন আজ হগলির ডানকুনিতে শুরু হচ্ছে। চলবে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

দলের কেন্দ্রীয় কমিটির কো - অর্ডিনেটর প্রকাশ কারাত বেলা ১২ টায় ডানকুনির কোল কমপ্লেক্সের শান্তি মঞ্চে সম্মেলনের উদ্বোধন করবেন।

২৫ ফেব্রুয়ারি দুপুরে ডানকুনি ফুটবল মাঠে হবে প্রকাশ্য সমাবেশ।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে। আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০

বীরভূমের মহম্মদ বাজারে ঘর থেকে একটি আদিবাসী পরিবারের তিন সদস্যের রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় পুলিশ ২ জনকে গ্রেফতার করেছে। নয়ন বিভার ও সুনীল মিধা নামে ধৃত দুই যুবকই মল্লারপুর থানা এলাকার বাসিন্দা।

জেলা পুলিশ সুপার আমনদীপ গতরাতে সিউড়িতে এক সাংবাদিক বৈঠকে বলেন, ধৃতদের বয়ান থেকে জানা গেছে, নয়নের সঙ্গে নিহত মহিলা লক্ষ্মী মার্ডি বিবাহ বহির্ভূত সম্পর্ক ছিল। বৃহস্পতিবার রাতেই এই নিয়ে দু-জনের ঝামেলা হয়। তারপরই রাত ১০-

টা নাগাদ নয়ন লক্ষ্মী ও তার দুই ছেলমেয়েকে খুন করে। তারপর আশ্রয় নেয় সুনীলের বাড়িতে।

এই ঘটনার পর গতরাতে মহম্মদবাজার থানার ওসি অরূপ কুমার দত্তকে বদলি করে দেওয়া হয়েছে। নতুন দায়িত্বে এসেছেন, তপাই বিশ্বাস।

পুলিশ সুপার আরও জানান, ঘটনার তদন্তে ৮ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছিল, সেকারণেই ১২ ঘণ্টার মধ্যে খুনের কিনারা ও গ্রেফতার করা সম্ভব হলো। আরও ২ জনকে জিঞ্চাসাবাদের জন্য আটক করা হয়েছে। মৃতার ফোনটি উদ্বার করা হয়েছে মল্লারপুরের দিয়ালা থেকে। প্রমাণ লোপাটের জন্য তা সেখানে ফেলা দেওয়া হয়েছিল বলে অনুমান।

আগেই জানানো হয়েছে, গতকাল সকালে মহম্মদ বাজারের ম্যানেজার পাড়ায় একটি ঘর থেকে বছর ২৫-এর লক্ষ্মী মার্ডি ও তার দুই সন্তান ১০ বছরের ঝুপালি এবং বছর আটকের অভিজিতের দেহ উদ্বার হয়। তিনিজনের মাথাতেই আঘাতের চিহ্ন ছিল। লক্ষ্মীর স্বামী লালু কর্মসূত্রে দুর্গাপুরে থাকেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের রায়না থানা এলাকার শ্যামসুন্দরে একটি পরিত্যক্ত রাইস মিলে হানা দিয়ে আশ্বেয়ান্ত্র ও গুলি সহ তিন জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধূতদের নাম সোহেল মোল্লা শেখ রিয়াজ ও শহিদুল হক মোল্লা। এদের গতকাল বর্ধমান আদালতে তোলা হলে চার দিনের পুলিশি হেফাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়।

ধূতদের কাছ থেকে উদ্বার হয়েছে এক রাউন্ড গুলি ভরা পাইপ গান, আরো কয়েকটি গুলি, লোহার রড ইত্যাদি।

০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার বান্দোয়ানে আবার বাঘের পায়ের ছাপ মেলায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। বন কর্মীরা জানিয়েছেন, বান্দোয়ানের রাইকা পাহাড়তলির ভাড়াড়ি

জঙ্গলে এই পায়ের ছাপ দেখা গেছে। কয়েকদিন আগে ঝাড়খনে চলে যাওয়া বাঘটি আবার ফিরে এসেছে বলে মনে করা হচ্ছে। বান্দোয়ানের জঙ্গল লাগোয়া গ্রামগুলির মানুষদের সতর্ক করে দেওয়া হয়েছে। নজর রাখা হয়েছে ট্র্যাক ক্যামেরার দিকে।

এদিকে, ওড়িশা থেকে পালিয়ে আসা বাঘিনী জিনাতকে যে সমস্ত বন আধিকারিক ও কর্মীরা খাঁচায় বন্দী করেছিলেন গতকাল তাদের অভিনন্দন পত্র দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। অরণ্য ভবনে এক অনুষ্ঠানে প্রধান মুখ্য বনপাল দেবল রায়, মুখ্য বনপাল কুলান দাই গান সহ তিনজনের হাতে মুখ্যমন্ত্রীর এই অভিনন্দন পত্র তুলে দেন দণ্ডরের মন্ত্রী বীরবাহ হাসদা।

বাঁকুড়া অথবা পুরুলিয়ায় একটি অনুষ্ঠানের আয়োজন করে বাকি আধিকারিক ও কর্মীদের হাতে এই অভিনন্দনপত্র তুলে দেওয়া হবে বলে বনদণ্ডের সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জোড়া ঘূর্ণবর্ত ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা। আকাশও আংশিক মেঘলা থাকবে। আগামীকাল পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। পশ্চিম ও দক্ষিণের জেলাগুলিতে'ও ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। সেই সঙ্গে বাড়ো হাওয়াও বয়ে যেতে পারে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহা নির্দেশক সোমনাথ দত্ত জানালেন –

(বাইট - সোমনাথ)

এদিকে, অসময়ের এই বৃষ্টিতে গরমের হাত থেকে কিছুটা স্বস্তি মিলেছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ২০ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ১ ডিগ্রী বেশী। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য ছিল ২৭ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ৩ডিগ্রী সেলসিয়াস নীচে।

অন্যদিকে, অকাল বর্ষণে বিভিন্ন জেলায় আলু, সরঞ্জ, গম, পেয়াজ সহ কিছু ফসলের ক্ষয়ক্ষতি আশঙ্কা করা হচ্ছে। চাষের জন্য নেওয়া ঋণ কিভাবে তারা শোধ করবেন সেই নিয়ে দুর্ঘিতায় পড়েছেন কৃষকেরা।

০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, পাঞ্জাব এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। দুই দলই ২০ টি করে ম্যাচ খেলেছে।

পাঞ্জাব ২৪ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকায় নবম স্থানে রয়েছে। ইস্টবেঙ্গল ২১ পয়েন্ট সংগ্রহ করে একাদশ স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০